তারিখ ... 28 JUN 2016 ...
পৃষ্ঠা ... 16 ... কলাম ... 6 ......

দৈনিক
আমাদের সময়

রংপুর সরকারি কলেজ

# ভর্তি না নেওয়ায় শিক্ষক কর্মচারীকে লাঞ্ছিত

রংপুর প্রতিনিধি •

রংপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির সময় পেরিয়ে গেলেও ভর্তি না নেওয়ার অভিযোগে আওয়ামী লীগ নেতার ছোট ভাই পরিচয়ে এক বহিরাগত শিক্ষক-কর্মচারীকে লাঞ্ছিত করেছে। এ ঘটনায় শিক্ষকরা গতকাল সোমবার জরুরি বৈঠকে করে আজ মঙ্গলবার ক্যাম্পাসে মানববন্ধন ও সমাবেশ এবং আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এদিকে, বিক্ষুব্ধ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে।

কলেজ সূত্রে জানা গেছে, রংপুর সরকারি কলেজে রোববার বিকালে অনলাইনের মাধ্যমে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শেষ হয়। এর পর ভর্তি কমিটির সদস্যরা অধ্যক্ষের কক্ষে ভর্তির কাগজপত্র যাচাই-বাছাই করার সময় রংপুর মহানগর আওয়ামী লীগের সভাপতি সাফিয়ার রহমানের ছোট ভাই পরিচয়ে বখাটে তুফান নামে এক যুবক ভর্তিইচ্ছু এক প্রার্থীকে নিয়ে আসে এবং ভর্তির জন্য চাপ সৃষ্টি করে। কিন্তু শিক্ষকরা জানান, অনলাইনে ভর্তির কার্যক্রমের সময় শেষ হয়ে গেছে। এখন আর হবে না। এর পর তুফান অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করে ইতিবাচক ফল না পেয়ে অধ্যক্ষের কক্ষে ভর্তি কমিটির সদস্যদের অকথ্য ভাষায় গালিগালাজসহ লাঞ্ছিত করে।